# কিভাবে ভোট দিবেন



1

## 1 | আপনার ব্যালট সংগ্রহ করুন

» আপনার নির্দিষ্ট ভোটদান কেন্দ্রে যান, নাম সই করুন এবং আপনার কাগজের ব্যালট ভোট কর্মীর কাছ থেকে সংগ্রহ করুন।

» ব্যালটটিতে আপনার ভোট দেওয়া হয়ে গেলে আপনার ভোটটি যাতে কেউ দেখতে না পান তার জন্যে আপনাকে একটি গোপনীয়তা থাম দেওয়া হবে।

» গোপন কক্ষটিতে যান অথবা ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এর জন্যে ব্যবহার করার অনুরোধ করুন।



2

## 2 | আপনার ব্যালটে ভোট দিন

» আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার প্রতিটি পছন্দের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ভোটটি দিন। (দুটি দিকই পরীক্ষা করতে ভুলবেন না)

**সঠিক**

| J. Doe |
|---|
| ⬤ |

**ভুল**

| J. Doe | J. Doe | J. Doe |
|---|---|---|
| ⊗ | ✓ | ◯ |

» কোন "✗" অথবা একটি "✓" ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগাবেন না, অথবা ব্যালটটিতে অপ্রয়োজনীয় দাগ দেবেন না।

» একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।

» আপনার ব্যালট টি ভাঁজ করবেন না।



3

## 3 | আপনার ব্যালটটি স্ক্যান করুন

» আপনার চিহ্নিত ব্যালটটি গোপনীয়তা জ্যাকেটে ঢুকিয়ে নিয়ে যান স্ক্যানার অঞ্চলে।

» আপনার পছন্দের ভাষাটি স্ক্রিনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।

» আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিন আপনার ভোটটি প্রদান করুন। স্ক্যানারটি উভয় দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে আপনার ভোটটি জমা করা হয়েছে।

## ব্যালট মার্কিং ডিভাইস (BMD) ব্যবহার করা



### BMDটি দুইভাবে ভোটারদের ব্যালটটি ব্যবহার করতে দেয়:

১। ব্যালটটি প্রদর্শিত স্ক্রিনে দেখুন।

২। ব্যালটটি হেডফোনের মাধ্যমে শুনুন।

### BMDটি চারভাবে ভোটারদের ব্যালটে ভোট দান করতে দেয়:

১। স্ক্রিন স্পর্শ করে

২। কিই প্যাড (ব্রেইল)

৩। সিপ এন্ড পাফ যন্ত্র

৪। রকার প্যাডেল

### BMD-এতে নিম্নোক্ত ধাপগুলির মাধ্যমে আপনার ব্যালটটিত ভোট দিন:

» আপনার ব্যালটটিতে কেমন করে ও কি ভাবে ভোটটি দেবেন তা ঠিক করে নিন।

» আপনার ব্যালটটি ভোট জমা করার ট্রেতে ঢুকিয়ে দিন।

» আপনার ভাষাটি পছন্দ করে নিন।

» BMDটি আপনার পছন্দ বাছাই ও তা পর্যালোচনা করার পুরো প্রক্রিয়াটি প্রদর্শন করবে।

» কোন মত বদল করার জন্য, কোন প্রতিদ্বন্দ্বিতা বা বিষয় আপনি বদলাতে চান, সেটি আবার বেঁছে নিয়ে সঠিক উত্তরটি আবার নিন। সংক্ষিপ্তসার পর্দায় ফেরত যাওয়ার জন্যে "NEXT" চাপ দিন।

» আপনার ব্যালটটি মুদ্রণের জন্য "Mark Ballot"-এ চাপ দিন।

» আপনার মুদ্রিত ব্যালট স্ক্যান করার জায়গায় নিয়ে যান।

» ব্যালটটি স্ক্যানারের ভেতরে ঢোকানোর জন্যে যদি আপনার কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মী আপনাকে সাহায্য করবেন।

# গুরুত্বপূর্ণ নির্দেশনা এবং সাধারণ সমস্যাবলীর সমাধান সমূহ!

## মনে রাখবেন...

**আপনার ব্যালটটির অপর দিকটি দেখুন!**
উল্টো দিকে ভোট দানের জন্য প্রার্থীদের নাম এবং/অথবা ব্যালট প্রস্তাবসমূহ থাকতে পারে।

**মনে করে প্রতিটি অফিসের জন্য ভোট দিবেন এবং ব্যালটের প্রতিটি প্রশ্নের উত্তর দেবেন।**
স্ক্যানারটি আপনাকে জানাবে না যে আপনি একটি বা অধিক পদের বা ব্যালটের প্রশ্নের উত্তর গোলাকার স্থানে সঠিকভাবে গোল করতে ব্যর্থ হয়েছেন। এটিকে বলা হয় "Undervoting"। স্ক্যান করার আগে আপনার ব্যালটটি ভালোভাবে দেখে নিন। প্রতিটি পদ এবং ব্যালট প্রস্তাবনায় আপনি ভোট দিয়েছেন তা নিশ্চিত করুন। স্ক্যানারটি আপনার ব্যালটটি একবার নিয়ে নিলে আপনি আর দ্বিতীয় সুযোগ পাবেন না।

**গোলাকার জায়গাটি সম্পূর্ণভাবে পূরণ করুন।**
"X" অথবা "✓" ব্যবহার করবেন না অথবা গোলাকার জায়গাটিকে শুধু গোল করে দাগ দিবেন না।

**শুধুমাত্র একজন ব্যক্তিকেই ভোট দেবেন, যদি না অন্যভাবে নির্দেশ দেওয়া থাকে।**
প্রথম কলামে, ব্যালটটিতে লেখা থাকবে আপনি কয়টি পছন্দ করতে পারবেন। বেশিরভাগ ক্ষেত্রে, লেখা থাকবে, "একজনকে ভোট দিন" "Vote for ONE", কিন্তু কোন কোন ক্ষেত্রে এটি লেখা থাকতে পারে "যে কোন দুজনকে ভোট দিন" "Vote for any TWO", "যে কোন তিনজনকে ভোট দিন" "Vote for any THREE", ইত্যাদি। অনুগ্রহ করে ব্যালটটি ভালো করে পড়ে নিন, যাতে আপনি বেশি বা কম ভোট না দেন।

**আপনি একজন রাইট-ইন প্রার্থীকে ভোট দিতে পারেন।**
যদি আপনি কোন প্রার্থীকে ভোট দিতে চান যাঁর নাম ব্যালটে, তবে আপনাকে অবশ্যই:

(১) রাইট-ইন প্রার্থীদের জন্যে নির্দিষ্ট জায়গাটির গোলাকার জায়গাটিকে সম্পূর্ণ পূরণ করতে হবে এবং

(২) সেই প্রার্থীর নাম এই বক্সে লিখতে হবে অথবা স্ট্যাম্প দিতে হবে।

## অসুবিধা এবং সমাধান সমূহ

**আমি ভোট দিতে ভুল করে ফেলেছি।**
ব্যালটে মুছে ফেলার অথবা বদল করার চেষ্টা করবেন না। একজন ভোটকর্মীকে নতুন একটি ব্যালট দিতে বলুন। প্রতিটি ভোটদাতা সর্বোচ্চ তিনটি ব্যালট চাইতে পারেন।

**আমি "বেশি ভোট দিয়ে ফেলেছি" (একজন প্রার্থীর জন্যে অনেকগুলো গোলাকার স্থান পূরণ করে ফেলেছি)।**
কোন অফিস অথবা ব্যালট প্রস্তাবনায় আপনি যদি বেশী ভোট দেন, তবে তা গণ্য হবে না। যদি আপনি ব্যালটটি স্ক্যানারে রাখার আগে বুঝতে পারেন যে আপনি বেশি ভোট দিয়ে ফেলেছেন, তবে একজন ভোটকর্মীকে পূরণ করার জন্য নতুন একটি ব্যালট দিতে বলুন। যদি আপনি অতিরিক্ত ভোট দেওয়ার পরে একটি ব্যালট স্ক্যানারে ঢোকান, সেটির পর্দাটি দুটি উপায়সহ একটি ভুল বার্তা দেখাবে "জমা করবেন না – ব্যালটটি ফেরত দিন" উপায়টি বাছুন, এবং স্ক্যানারটি আপনার ব্যালটটি ফেরত দিয়ে দেবে যাতে আপনি একজন ভোটকর্মীর কাছ থেকে পূরণ করার জন্য একটি নতুন ব্যালট চেয়ে নিতে পারেন। যদি আপনি "ব্যালটটি জমা করুন" উপায়টি বাছেন, তাহলে স্ক্যানারটি আপনার ব্যালটটি রেখে নেবে তবে যে প্রতিদ্বন্দ্বিতার জন্য বেশী ভোট দিয়ে দিয়েছেন তা আর গণ্য হবে না, কিন্তু আপনার বাকী ভোটগুলো গণনা করা হবে।

**লেখাগুলি অতিরিক্ত ছোট; আমি আমার কাগজের ব্যালট পড়তে পারছিনা।**
বড় লেখার কাগজ থাকবে। আপনি একটি ব্যালট মার্কিং ডিভাইস (BMD)-এ ব্যবহার করতে পারেন।

**সাধারণ নির্বাচন ব্যালটে, ব্যালট প্রস্তাবনাগুলি পরীক্ষা করতে ভুলবেন না!**

» প্রশ্ন সমূহ অপর পাতায় থাকতে পারে।

» ভোট ◯ **হ্যাঁ** বা ◯ **না** প্রতিটি প্রশ্নের জন্য সঠিক গোলাকার পূরণ করে।